# বাংলা

# (303)

সময় : 3 ঘণ্টা ] [ পূর্ণমান : 100

**দ্রষ্টব্য :** (i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ', 'গ' তিনটি বিভাগ আছে।

(ii) বিভাগ 'ক'-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ 'খ'-এর যে কোনো একটি বিকল্পের উত্তর লিখুন।

(iv) বিভাগ 'ক'-এর মান 85 এবং বিভাগ 'খ'-এর মান 15।

## বিভাগ—ক

**1.** (ক) নীচের কাব্যাংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন : 4

এই পৃথিবীতে এক স্থান আছে—সবচেয়ে সুন্দর করুণ:
সেখানে সবুজ ডাঙা ভরে আছে মধুকূপী ঘাসে অবিরল;
সেখানে গাছের নাম : কাঁঠাল, অশ্বত্থ, বট, জারুল, হিজল;
সেখানে ভোরের মেঘে নাটার রঙের মতো জাগিছে অরুণ;

**অথবা**

নাজমা, তোমায় বৃক্ষ হতেই হবে
ভালোবাসায় ভর করে তুই দাঁড়া,
আমরা হব পায়ের তলার মাটি—
আমরা এক অন্য জগৎ দেব
প্রতিজ্ঞাতে বুক বেঁধে তুই দাঁড়া
অন্য জগৎ এই মাটিতেই আছে
আমরা ওকে আস্ত আকাশ দেব
নাজমা, আকাশ বজ্রেও ভাঙবে না।

(খ) নিম্নলিখিত পংক্তিগুলির কাব্য-সৌন্দর্য স্পষ্ট করুন : 2

"সে যুগ হয়েছে বাসি,
যে যুগে পুরুষ দাস ছিল নাক' নারীরা আছিল দাসী।
বেদনার যুগ, মানুষের যুগ, সাম্যের যুগ আজি,
কেহ রহিবে না বন্দি কাহারো উঠিছে ডঙ্কা বাজি।"

Download From: http://cbseportal.com

**2.** নীচের প্রশ্নগুলির উত্তর ৩০-৩৫টি শব্দে লিখুন (যে কোনো **দুটি**) : 2+2=4

(ক) কৃষ্ণবিরহে বিধুরা রাধার আচরণের পরপর যে পরিবর্তন ঘটেছে তার বর্ণনা দিন।

(খ) "যেই স্বামী, সেই আমি।" অংশটির আলোচনা করুন।

(গ) 'কাশীরাম দাস' কবিতায় মহাকবি মধুসূদন কাশীরামকে ভগীরথের সঙ্গে তুলনা করেছেন কেন?

(ঘ) বাংলা ভাষা উচ্চারিত হলে কবির চোখে ভেসে ওঠা 'চেনা ছবি'-র পরিচয় দিন, 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতা অবলম্বনে।

**3.** 'নারী' কবিতার অন্তর্নিহিত ভাবটি সংক্ষেপে প্রকাশ করুন। 2

**4.** (ক) মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি কী কী?

(খ) 'মেঘনাদবধ কাব্য' কার লেখা? 2

**অথবা**

ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য কী?

**5.** নীচের পংক্তি দুটির ছন্দের নাম লিখুন : 2

মহাভারতের কথা অমৃতসমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

**অথবা**

নীচের অংশটির অলংকারের নাম লিখুন :

প্রাণপাখি তার কোথা গেল উড়ে?

**6.** নিম্নলিখিত কবিতার স্তবকটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন :

নিশার স্বপন-সুখে সুখী যে, কি সুখ তার?
জাগে সে কাঁদিতে!
ক্ষণপ্রভা প্রভাদানে বাড়ায় মাত্র আঁধার
পথিকে ধাঁদিতে!
মরীচিকা মরুদেশে নাশে প্রাণ তৃষাক্লেশে—
এ তিনের ছল সম ছল রে এ কু-আশার।

(ক) কবিতাংশটিতে কবির কী মনোভাব প্রকাশ পেয়েছে? 1

(খ) কোন্ তিনের ছল? 1

(গ) সেই ছলগুলি মানুষকে কীভাবে বিভ্রান্ত করে? 1

(ঘ) এ তিনের ছলকে কু-আশার সঙ্গে তুলনা করা হয়েছে কেন? 1

Download From: http://cbseportal.com

**7.** নীচের গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন (যে কোনো **একটি**) : 6

(ক) সোশিয়ালিস্টরা যে সমস্ত পৃথিবীময় ধনবিভাগ করে দেয় সেটা সম্ভব কি অসম্ভব জানিনে—যদি একেবারেই অসম্ভব হয় তাহলে বিধির বিধান বড়ো নিষ্ঠুর, মানুষ ভারী হতভাগ্য। কেননা পৃথিবীতে যদি দুঃখ থাকে তো থাক্ কিন্তু তার মধ্যে এতটুকু ছিদ্র সম্ভাবনা রেখে দেওয়া উচিত যাতে সেই দুঃখ মোচনের জন্য মানুষের উন্নত অংশ অবিশ্রাম চেষ্টা করতে পারে, একটা আশা পোষণ করতে পারে। যারা বলে কোনোকালে পৃথিবীর সকল মানুষকে জীবনধারণের মূল আবশ্যক জিনিসও বন্টন করে দেওয়া নিতান্ত অসম্ভব অমূলক কল্পনামাত্র, কখনোই সকল মানুষ খেতে-পরতে পারবে না, পৃথিবীর অধিকাংশ মানুষ চিরকালই অর্ধাশনে কাটাবেই, তারা ভারী কঠিন কথা বলে।

(খ) তুমি তো আমাদের মতো সোজা মানুষ নও—তুমি দেশের জন্য সমস্ত দিয়াছ, তাই তো দেশের খেয়া-তরী তোমাকে বহিতে পারে না, সাঁতার দিয়া তোমাকে পদ্মা পার হইতে হয়, তাই তো দেশের রাজপথ তোমার কাছে রুদ্ধ, দুর্গম পাহাড়-পর্বত তোমাকে ডিঙাইয়া চলিতে হয়; কোনো বিস্মৃত অতীতে তোমারই জন্য তো প্রথম শৃঙ্খল রচিত হইয়াছিল, কারাগারও শুধু তোমাকে মনে করিয়াই নির্মিত হইয়াছিল, সেই তো তোমার গৌরব!

**8.** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

(ক) 'বিড়াল' প্রবন্ধে বিড়াল দরিদ্র ও অনুন্নত মানুষের স্বপক্ষে কী কী যুক্তি দেখিয়েছে, সংক্ষেপে লিখুন। 2

(খ) "ইউরোপের সৌভাগ্য যে, তাদের সে মনোভাব চলে গেছে।" কার, কোন্ প্রবন্ধের অন্তর্গত এটি? 'সে মনোভাব' বলতে কোন্ মনোভাব, আলোচনা করুন। 2

(গ) মোষ দুটি কিনে বাড়ির কাছাকাছি এসে রংলালের মনের অবস্থার পরিবর্তন হচ্ছিল কেন? 2

(ঘ) মদনকে ভুবন রাজা-মহারাজের সঙ্গে তুলনা করেছে কেন? 1

**9.** যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লিখুন : 2

(ক) "মৃত আত্মা তিনদিন তিনরাত জায়গা ছেড়ে নড়তে চায় না, ঘুরে বেড়ায় বুঝলে?" কে, কাকে, কখন একথা বলেছে? এতে বক্তার চরিত্রের বিশেষ কোন্ পরিচয় মেলে?

(খ) "তার চেয়ে ওলাইচণ্ডীর পুজো দে, সস্তায় হবে।" ডাক্তারের এই উক্তির মধ্যে কোন্ সত্য স্পষ্ট হচ্ছে?

Download From: http://cbseportal.com

www.cbseportal.com

**10.** নীচের অংশটি পড়ে যথাযথ উত্তর লিখুন :

এমন সময়ে সিমলে থেকে বলাই তার কাকিকে এক চিঠি পাঠালে, "কাকি, আমার সেই শিমুলগাছের একটা ফোটোগ্রাফ পাঠিয়ে দাও।"

বিলেত যাবার পূর্বে একবার আমাদের কাছে আসবার কথা ছিল, সে আর হল না। তাই বলাই তার বন্ধুর ছবি নিয়ে যেতে চাইলে। তার কাকি আমাকে ডেকে বললেন, "ওগো শুনছ, একজন ফোটোগ্রাফওয়ালা ডেকে আনো।" জিজ্ঞাসা করলুম, 'কেন'। বলাইয়ের কাঁচা হাতের লেখা চিঠি আমাকে দেখতে দিলেন। আমি বললেম, "সে গাছতো কাটা হয়ে গেছে।"

বলাইয়ের কাকি দুদিন অন্ন গ্রহণ করলেন না, আর অনেকদিন পর্যন্ত আমার সঙ্গে একটি কথাও কননি।

(ক) বলাই তার কাকিকে কোথা থেকে চিঠি পাঠাল এবং তাতে কী লেখা ছিল? 1

(খ) চিঠি পড়ে কাকি কাকাকে কী বললেন এবং কেন? 1

(গ) উত্তরে কাকা কী বলেছিলেন? 1

(ঘ) এতে কাকির কী প্রতিক্রিয়া হয়েছিল? 1

**11.** আগুনের বিরুদ্ধে লড়াই করে কাছারিটা শেষ পর্যন্ত কীভাবে রক্ষা পেল, পাঁচটি বাক্যের মধ্যে লিখুন। 4

**অথবা**

'আরণ্যক' উপন্যাসে কুন্তাকে এক বিরল চরিত্রের বলে মনে হয় কি? কেন?

**12.** যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর লিখুন :

(ক) কোন্ কোন্ জন্তু কাদায় আটকে মারা গেল? 1

(খ) "বনপথে দুটি মাত্র প্রাণী আমরা।" প্রাণী দুজন কে কে? তাঁরা কোথায় যাচ্ছিলেন? 1

(গ) সরস্বতী কুণ্ডীর তীরে পাখির সংখ্যা বেশি কেন? 1

(ঘ) "নক্‌ছেদী বলিল, ঘাটো।" 'ঘাটো' কী? 1

(ঙ) সাঁওতাল বিদ্রোহের অন্যতম নেতা প্রাচীন এক রাজার নাম কী? 1

**13.** নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

(ক) নীচের শব্দগুলির তৎসম রূপ লিখুন (যে কোনো **দুটি**) : 2

কেষ্ট ; হাতি ; জোছনা ; ঘেন্না।

(খ) সমাসবদ্ধ পদগুলির ব্যাসবাক্য করুন (যে কোনো **দুটি**) : 2

নীলকমল ; বীজবোনা ; বিশ্বস্রষ্টা ; জগৎবিখ্যাত।

Download From: http://cbseportal.com

(গ) নীচে দাগ দেওয়া শব্দগুলির চলিত ভাষার রূপ লিখুন (যে কোনো **চারটি**) : ½×4=2

(১) কলসিতে জল ভরিতে না ভরিতে জলপড়া বন্ধ হইয়া গেল।

(২) মহাপুরুষদের পূজা করিলেই হয়না, তাঁহাদের কথা শুনিতে হয়।

(ঘ) নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করুন (যে কোনো **একটি**) : 2

(১) আমি মিথ্যাবাদীকে বিশ্বাস করি না। (হ্যাঁ-বাচক বাক্যে)

(২) তুমি খেলার মাঠে গেলে আমিও যাব। (জটিল বাক্যে)

(ঙ) প্রত্যয় ভেঙে দেখান (যে কোনো **দুটি**) : 2

মেছো ; শ্রীমন্ত ; শ্যামল ; কলমদানি।

**14.** একটি বৃদ্ধাবাস বেশ ক-বছর ধরে চলছে। বৃদ্ধ-বৃদ্ধাদের অনুদান এবং তার সুদেই এটি চলছে। কিছু বে-সরকারি প্রতিষ্ঠানের সাহায্য মেলে। থাকেন ২৫-৩০ জন। দুঃখের কথা ওই প্রতিষ্ঠানের সাংগঠনিক পরিচালনার দুর্বলতার ফলে পরিষেবা একেবারে নীচের তলায়। অসহায় মানুষগুলোর অবস্থা অবর্ণনীয়, প্রতিবাদহীন। আপনি একজন সাংবাদিক হিসেবে পরিচালকদের যথাযথ ব্যবস্থা গ্রহণে বাধ্য করার উদ্দেশ্যে বিখ্যাত সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করুন। 4

**15.** স্বপ্ন ছিল আপনি এক সৎ ডাক্তার হয়ে জনসেবা করবেন—হঠাৎ আপনার বাবার পরলোকগমনে পড়াশোনার মাঝপথে সংসারের হাল ধরতে হল—কোনোরকমে অনেক চেষ্টার পর একটি সওদাগরী অফিসে কেরানির চাকরি পেলেন। এরপর ৬-৭ বছর কেটে গেছে। হঠাৎ পূর্বস্মৃতি মনে পড়ে। আপনার প্রতিক্রিয়া সংক্ষেপে লিখুন। 2

**16.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লিখুন :

আজ আমরা স্বেচ্ছায় আমাদের পরিবারকে লক্ষ্মণশূন্য করিতেছি। আজ বহু স্থানে সহধর্মিণীর স্থলে স্বার্থরূপিণী, অলঙ্কার পেটিকার যক্ষীগণ আমাদিগকে ঘিরিয়া গৃহে একাধিপত্য স্থাপন করিতেছে, যাহারা এক উদরে স্থান পাইয়াছিলেন, তাঁহারা আজ গৃহে স্থান পাইতেছেন না। আমাদের কি দৈব বিড়ম্বনা ! আজ আমাদের রাম বনবাসী, লক্ষ্মণ প্রাসাদ শীর্ষ হইতে সেই দৃশ্য উপভোগ করেন ! আজ লক্ষ্মণের অন্ন জুটিতেছেনা, রাম স্বর্ণথালে উপাদেয় আহার করিতেছেন। ....... লক্ষ্মণগণকে আমাদের দুঃখের সহায় ও চিরসঙ্গী মনে ভাবিতে ভুলিয়া যাইতেছি। হে ভ্রাতৃবৎসল! মহর্ষি বাল্মীকি তোমাকে আঁকিয়া গিয়াছেন চিত্র হিসাবে নয়, হিন্দুদের গৃহদেবতাস্বরূপ তুমি এ পর্যন্ত প্রতিষ্ঠিত ছিলে। আবার তুমি হিন্দুর ঘরে ফিরিয়া এসো,—সেই শতপ্রিয়-সঙ্গ-মুখরিত এক গৃহে একত্র বসিয়া আহার করি, স্বর্গ হইতে আমাদের মাতারা সেই দৃশ্য দেখিয়া আশিস বর্ষণ করিবেন, আমাদের দক্ষিণ বাহু অভিনব বলদৃপ্ত হইয়া উঠিবে।

(ক) রাম ও লক্ষ্মণকে এখানে কীসের প্রতীক হিসেবে বলা হয়েছে? কী কারণে লেখক বর্তমান সমাজে তার অভাব দেখা দিচ্ছে বলে মনে করছেন? 1

(খ) আজ রাম ও লক্ষ্মণের অবস্থান কোথায়? 1

(গ) লেখক লক্ষ্মণকে আজ কীভাবে দেখতে চান? 1

Download From: http://cbseportal.com

**17.** নীচের **একটি** প্রশ্নের উত্তর লিখুন : 4

(ক) বিভিন্ন রাজ্যের শিশু শ্রমিকের শতকরা হার দেওয়া হল। চক্র চিত্রের (Pie chart) সাহায্যে অঙ্কন করে দেখান :

মহারাষ্ট্র—10%, উত্তর প্রদেশ—9%, কর্ণাটক—12%, মধ্যপ্রদেশ—15%, পশ্চিমবঙ্গ—7%, বিহার—22% এবং অন্যান্য—35%

(খ) চা তৈরির প্রবাহ চিত্র (Flow chart) অঙ্কন করে দেখান।

**18.** যে কোনো একটি বিষয়ে **একটি** সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন : 8

(ক) বিজ্ঞান ও কুসংস্কার

(খ) আপনার একটি রেল ভ্রমণের অভিজ্ঞতা

(গ) আমার প্রিয় গ্রন্থ

(ঘ) নিরক্ষরতা দূরীকরণে ছাত্রসমাজের ভূমিকা

**19.** কোনো একটি সংবাদপত্রে চাকরির বিজ্ঞাপন দেওয়া হয়েছে বিশেষ একটি সংস্থার পক্ষে। পদটি এক ম্যানেজারের। আপনার বিশদ বিবরণ দিয়ে একটি দরখাস্ত করুন। 4

**অথবা**

আপনার ভাই একটি স্কুল হস্টেলে থেকে পড়াশোনা করে। নিয়মশৃঙ্খলা মেনে নিয়মিত পড়াশোনা চালাবার বিষয়ে কিছু পরামর্শ দিয়ে ভাইকে একটি চিঠি দিন।

**20.** যে কোনো **একটি** অংশের সারাংশ লিখুন : 3

হে ভারত, ভুলিও না—নীচ জাতি, মূর্খ, দরিদ্র, অজ্ঞ, মুচি, মেথর তোমার রক্ত, তোমার ভাই! হে বীর, সাহস অবলম্বন করো, সদর্পে বলো—আমি ভারতবাসী, ভারতবাসী আমার ভাই; বলো, মূর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, চণ্ডাল ভারতবাসী আমার ভাই; তুমি কটিমাত্র বস্ত্রাবৃত হইয়া সদর্পে ডাকিয়া বলো—ভারতবাসী আমার ভাই, ভারতবাসী আমার প্রাণ, ভারতের সমাজ আমার শিশুশয্যা, যৌবনের উপবন, বার্ধক্যের বারাণসী; বলো ভাই—ভারতের মৃত্তিকা আমার স্বর্গ, ভারতের কল্যাণ আমার কল্যাণ; আর বলো দিনরাত, মা, আমার দুর্বলতা, কাপুরুষতা দূর করো, আমায় মানুষ করো!

**অথবা**

চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির
জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর
আপন প্রাঙ্গণতলে দিবসশর্বরী
বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি,
যেথা বাক্য হৃদয়ের উৎসমুখ হতে
উচ্ছ্বসিয়া উঠে, যেথা নির্বারিত স্রোতে
দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়
অজস্র সহস্রবিধ চরিতার্থতায়—

Download From: http://cbseportal.com

যেথা তুচ্ছ আচারের মরুবালুরাশি
বিচারের স্রোতঃপথ ফেলে নাই গ্রাসি,
পৌরুষেরে করেনি শতধা ; নিত্য যেথা
তুমি সর্ব কর্ম চিন্তা আনন্দের নেতা—
নিজ হস্তে নির্দয় আঘাত করি, পিতঃ,
ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত।

## বিভাগ—খ

### বিকল্প—I

### ( পর্যটন )

**21.** 'পর্যটন' বলতে কী বোঝায়? 1

**22.** প্রাচীনকালের পর্যটনের বৈশিষ্ট্য কী ছিল? 1

**23.** ভারতবর্ষের প্রতি বিদেশী পর্যটকদের বিশেষ আকর্ষণের কারণ কী? 1

**24.** 'ঐতিহ্য শিল্প' কী? ঐতিহ্য শিল্পের কিছু নমুনার উল্লেখ করুন। 5

**25.** নামকরা হোটেল বলতে কী বোঝায়? দু-একটি দৃষ্টান্ত দিন। পাঁচটি আকর্ষণের বিষয় উল্লেখ করুন। 7

### বিকল্প—II

### ( গণবণ্টন )

**21.** কোন্ সালে, কে ফোটোগ্রাফি আবিষ্কার করেন? 1

**22.** 'নৌটঙ্কি' বিশেষভাবে কোথায় প্রচলিত? এর বৈশিষ্ট্য কী? 1+2=3

**23.** ভারতের সমাজ-সংস্কার এবং গণ-আন্দোলনের উপর সংবাদপত্রের যে প্রভাব পড়েছিল, এমন তিনটি দৃষ্টান্ত দিন। 3

**24.** (ক) সমাজের পিছিয়ে থাকা অংশ গণ-মাধ্যমের পুরোপুরি সুযোগ নিতে পারে না কেন, বুঝিয়ে দিন।

(খ) কীভাবে ওদের সে সুযোগ ফিরিয়ে দেওয়া যেতে পারে বলে আপনি মনে করেন? 4+4=8

★ ★ ★

www.cbseportal.com
Download From: http://cbseportal.com